

## নোবিপ্রবি প্রশাসনের হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ, স্বাস্থ্যসেবা, ক্রীড়া, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি ও চুক্তি সম্পাদনসহ নানা বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো :

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) পবিত্র 'ঈদ-ই-মিলাদুননবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)' যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। এ উপলক্ষে বুধবার (২৬ আগস্ট ২০২৬) বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। মিলাদ মাহফিলে অন্যান্যের মাঝে আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলামসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। এ সময় দেশ ও জাতির কল্যাণ কামনায় বিশেষ দোয়া ও মুনাজাত অনুষ্ঠিত হয়।
২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষার্থী ও নোয়াখালী জেলা পুলিশ প্রশাসনের মধ্যে ঘটে যাওয়া অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির প্রেক্ষাপটে বিশ্ববিদ্যালয় প্রশাসন, শিক্ষার্থী প্রতিনিধি এবং নোয়াখালী জেলা পুলিশ প্রশাসনের প্রতিনিধিদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ ও ফলপ্রসূ বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৭ আগস্ট ২০২৬) এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে নোবিপ্রবির পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, ট্রেজারার অধ্যাপক ড. মো. হাছান উদ্দীন, প্রক্টর অধ্যাপক এ এফ এম আরিফুর রহমান, শিক্ষা প্রশাসন বিভাগের চেয়ারম্যান ও সহকারী অধ্যাপক জি এম রাকিবুল ইসলাম, বিভাগের প্রভাষক মো. মিনহাজুল আবেদীন এবং শিক্ষার্থী প্রতিনিধি সাকিন, মিঠু, সোহান, হুমায়রা, তারিন, তারেক, রাকিব ও মাহমুদ উপস্থিত ছিলেন। নোয়াখালী জেলা পুলিশ প্রশাসনের পক্ষ থেকে উপস্থিত ছিলেন জেলার অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) আহমেদ পেয়ার, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) নিয়াকত আকবর এবং সুধারাম মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. নজরুল ইসলাম। বৈঠকে উভয় পক্ষ সাম্প্রতিক ঘটনা নিয়ে নিজেদের অবস্থান তুলে ধরেন। পরে পারস্পরিক আলোচনা ও মতবিনিময়ের মাধ্যমে বিষয়টি সৌহার্দ্যপূর্ণভাবে সমাধানের বিষয়ে একমত হন।
৩. নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। ৩১ আগস্ট ২০২৬, সোমবার বঙ্গভবনে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে নবনির্বাচিত রাষ্ট্রপতিকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানান। তিনি রাষ্ট্রপতির সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও সফলতা কামনা করেন। এ সময় উপাচার্য নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও সামগ্রিক অগ্রগতি সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। সাক্ষাৎকালে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী আগামী ২৪ জানুয়ারি ২০২৭ নোবিপ্রবির ৩য় সমাবর্তনে উপস্থিত থাকার জন্য রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে আমন্ত্রণ জানান। রাষ্ট্রপতি আমন্ত্রণ গ্রহণ করে সমাবর্তন অনুষ্ঠানে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেন।
৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'প্রফেশনাল ম্যানেজমেন্ট একাউন্টিং এডুকেশন ইন বাংলাদেশ' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (০১ সেপ্টেম্বর ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে 'দ্যা ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি)' এ সেমিনারের আয়োজন করে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, আজকের এ সেমিনার নোবিপ্রবির ব্যবসায় শিক্ষা অনুষদের শিক্ষার্থীদের জন্য অত্যন্ত সময়াপযোগী। এ ধরনের ক্যারিয়ার বিষয়ক সেমিনার শিক্ষার্থীদের ভবিষ্যৎ কর্মজীবনের প্রস্তুতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করছি। এ সময় নোবিপ্রবিতে এ ধরনের একটি সেমিনারের আয়োজন করায় আইসিএমএবি কে ধন্যবাদ জ্ঞাপন করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।
৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানীর সঙ্গে ইরাসমাস প্লাস মোবিলিটি কর্মসূচির আওতায় নোবিপ্রবি সফররত তুরস্কের সাকারিয়া ইউনিভার্সিটি অব অ্যাপ্লায়েড সায়েন্সেস এর প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাৎ করেছেন। মঙ্গলবার (১ সেপ্টেম্বর ২০২৬) নোবিপ্রবি উপাচার্যের কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী প্রতিনিধিদলের সদস্যদের নোবিপ্রবিতে স্বাগত জানান। এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী



বলেন, এ মোবিলিটি কর্মসূচির আওতায় উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে একাডেমিক ও পেশাগত জ্ঞান আদান-প্রদান সহজতর হবে বলে আমি মনে করি। এর মাধ্যমে আমাদের শিক্ষার্থীরা বিভিন্ন বিষয়ে জ্ঞান অর্জন ও দৃষ্টিভঙ্গি বিনিময়ের সুযোগ পাবে।

৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বিশ্ববিদ্যালয়ের নির্মাণাধীন বিভিন্ন স্থাপনা, শ্রেণিকক্ষ ও ল্যাবরুম পরিদর্শন করেছেন। বুধবার (০২ সেপ্টেম্বর ২০২৬) তিনি এ পরিদর্শন করেন। এ সময় উপাচার্য নির্মাণাধীন ৩য় একাডেমিক ভবনে অবস্থিত বিভিন্ন বিভাগের শ্রেণিকক্ষ, ল্যাব, সেমিনার রুম এবং একাডেমিক কার্যক্রমের সার্বিক পরিবেশ পরিদর্শন করেন। পরিদর্শনকালে উপাচার্য ৩য় একাডেমিক ভবনের নির্মাণাধীন বিভিন্ন অংশ ঘুরে দেখেন এবং দ্রুত এর নির্মাণকাজ শুরু হবে বলে জানান। এছাড়াও একাডেমিক ভবন-৩ সংলগ্ন টিনশেডে প্রয়োজনীয় সংস্কারের নির্দেশনা দেন তিনি। পরে উপাচার্য বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরি ভবনে অবস্থিত বাংলাদেশ: ইতিহাস ও ঐতিহ্য কর্ণার পরিদর্শন করেন এবং কর্ণারটিকে আরও সমৃদ্ধ করতে সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন।
৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) আইন বিভাগে শিক্ষার্থীদের অনুশীলনমূলক ‘মক ট্রায়াল’ এর চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হয়েছে। বুধবার (০২ সেপ্টেম্বর ২০২৬) নোবিপ্রবি আইন বিভাগে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় আইন বিভাগের শিক্ষার্থীরা বাস্তব আদালতের আদলে আইনি বিতর্ক ও বিচারিক প্রক্রিয়ায় অংশ নেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, আদালতের কার্যক্রম অনুকরণের মাধ্যমে আজ আমাদের শিক্ষার্থীরা এর কার্যপ্রণালী সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা অর্জন করলো। এর মাধ্যমে তাদের যুক্তি-তর্কে দক্ষ করে গড়ে তোলার পাশাপাশি আইনি বিশ্লেষণ এবং জনসমক্ষে কথা বলার আত্মবিশ্বাস সৃষ্টি হবে।
৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বাংলাদেশ ইনোভেশন ফেয়ার-২০২৬ এ অংশগ্রহণ উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর ২০২৬) বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে এ উপলক্ষে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উদ্যোগে রাজধানীর নভোথিয়েটারে আগামী ১২-১৪ সেপ্টেম্বর বাংলাদেশ ইনোভেশন ফেয়ার-২০২৬ অনুষ্ঠিত হবে। উক্ত ফেয়ারে উদ্ভাবন প্রদর্শনীতে অংশগ্রহণের জন্য নোবিপ্রবির উদ্যোগে রিসার্চ সেলের পক্ষ হতে একটি স্টল বরাদ্দ নেওয়া হয়েছে।
৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণির শিক্ষার্থীদের নবীন বরণ উপলক্ষে আয়োজক কমিটির প্রথম প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর ২০২৬) বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। সভায় নবীন বরণ অনুষ্ঠান সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে গঠিত কমিটির সদস্যবৃন্দের উদ্দেশ্যে দিক-নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।
১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স (ফিমস্) বিভাগের আয়োজনে স্পোর্টস উইক-২০২৬ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর ২০২৬) ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, আজকে ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগের এ আয়োজনের সঙ্গে যুক্ত হতে পেরে আমি আনন্দিত। একাডেমিক কার্যক্রমের পাশাপাশি শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলার গুরুত্ব অপরিহার্য। এ সময় উপাচার্য দেশের মৎস্য ও সামুদ্রিক সম্পদ ব্যবস্থাপনা ও গবেষণায় ফিমস বিভাগের শিক্ষার্থীরা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করেন।
১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) পরিবহন পূলে রিনোভেট বাস সংযোজন করা হয়েছে। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর ২০২৬) বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে প্রধান অতিথি হিসেবে এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, এই বাসটি সম্পূর্ণ নতুনভাবে রিনোভেট করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের পরিবহন পূলে নতুন সংযোজিত এ বাসের মাধ্যমে শিক্ষার্থীদের যাতায়াত আরও সহজতর হবে। এ সময় উপাচার্য শিক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে শিঘ্রই আরও দুটি বাস পরিবহন পূলে সংযোজন করা হবে বলে জানান। এই সংযোজনের মাধ্যমে শিক্ষার্থীদের পরিবহন সংকট অনেকটাই লাঘব হবে বলে উল্লেখ করেন তিনি। পাশাপাশি ভবিষ্যতে শিক্ষার্থীদের জন্য বিশ্ববিদ্যালয়ে আরও বাস সংযোজনের চেষ্টা চলছে বলে উল্লেখ করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।



১২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ওশানোগ্রাফি বিভাগের ৫ম ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (০৮ সেপ্টেম্বর ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, তোমাদের লেখাপড়ার সঙ্গে সমুদ্র ও সামুদ্রিক সম্পদের বিষয়টি ওতপ্রোতভাবে জড়িত। বঙ্গোপসাগর আমাদের জন্য মৎস্য সম্পদ, সামুদ্রিক জীববৈচিত্র্য, খনিজ ও প্রাকৃতিক সম্পদের এক বিশাল ভান্ডার। একইসঙ্গে সমুদ্রকে ঘিরে রয়েছে ব্রু ইকোনমির অপার সম্ভাবনা। তোমরা এই বিষয়ে জ্ঞান অর্জন করেছো, যা ভবিষ্যতে দেশের সামুদ্রিক সম্পদের টেকসই ব্যবস্থাপনা, সংরক্ষণ ও সঠিক ব্যবহারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে। এ সময় সামুদ্রিক সম্পদ ব্যবস্থাপনার গুরুত্ব বিবেচনায় ভবিষ্যতে এখানে একটি সমুদ্র বিজ্ঞান ইনস্টিটিউট প্রতিষ্ঠার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।
১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ‘বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবস ২০২৬’ পালিত হয়েছে। এ উপলক্ষে বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর ২০২৬) নোবিপ্রবিতে সচেতনতামূলক র্যালির আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন আত্মহত্যা প্রতিরোধে শুধু ব্যক্তিগত সচেতনতা নয়, সামাজিক ও প্রাতিষ্ঠানিক উদ্যোগও অত্যন্ত গুরুত্বপূর্ণ। নোবিপ্রবির বিভিন্ন ক্লাব ও সংগঠনকে আত্মহত্যা প্রতিরোধ, মানসিক স্বাস্থ্য এবং সচেতনতা বৃদ্ধিতে নিয়মিতভাবে বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য আহ্বান জানাই। একই সঙ্গে আমাদের বন্ধু-বান্ধব, পরিবারের সদস্য কিংবা সহকর্মীদের মধ্যে কেউ হতাশা বা বিষণ্ণতার মধ্য দিয়ে যাচ্ছেন কি না সেদিকে আমাদের মনোযোগী হওয়া প্রয়োজন। এ সময় নারী শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যসেবা ও কাউন্সিলিংয়ের প্রয়োজনীয়তার বিষয়টিকে গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে বলে উল্লেখ করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪